বিস্‌মিল্লাহির রহ্‌মানির রহি্‌ম

# চুক্তি পত্র

আমি........................................................পিতা..................................................

গ্রাম.........................................পোঃ......................................থানা.......................................

জেলা.......................................................................................................................

বর্তমানঠিকানা:-গ্রাম......................................................পোঃ............................................

থানাঃ.................................................জেলাঃ............................................

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র, সোনাকান্দা, নারায়ণগঞ্জ এ নৌ-শিক্ষানবিস হিসেবে ভর্তি হবার পর নিম্নে বর্ণিত শর্তসমূহ মেনে চলতে বাধ্য থাকবো বলে অঙ্গীকার করছি।

১। কেন্দ্রের সকল প্রকার নিয়মাবলী মেনে চলব। কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি সদাচরন, সমস্ত নির্দেশের প্রতি মর্যাদা এবং সকল আদেশ বিনা প্রশ্নে মেনে চলব। আমি অত্র কেন্দ্র কর্তৃক **নির্ধারিত ছুটি ব্যাতিরেকে কোন প্রকার ছুটিতে গমন করবো না**, জরুরী অবস্থায় প্রয়োজনে আমার অভিবাবক স্ব-শরীরে হাজির হয়ে ছুটির আবেদন করবেন।

২। প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থানকালীন সময়ে অন্য কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে বা অনুরূপ প্রতিষ্ঠানে অধ্যয়নরত থাকবো না। কেন্দ্রের শান্তি শৃঙ্খলা বজায় রেখে কেন্দ্র কর্তৃক নির্দেশিত যাবতীয় কাজ করতে বাধ্য থাকব।

৩। কেন্দ্রে এক বৎসর প্রশিক্ষণ শেষে চুড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হতে না পারলে কেন্দ্র কর্তৃক যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকব।

৪। আমার এই প্রশিক্ষণ এক বৎসর মেয়াদী এবং প্রশিক্ষণের সফল সমাপ্তির পর আমাকে এই মর্মে একটি সনদ প্রদান করা হবে যেখানে শুধুমাত্র প্রশিক্ষণ সময়কালে উপস্থিতি ও সফল সমাপ্তি উল্লেখ থাকবে।

৫। এই কেন্দ্র হতে আমাকে কোন ডিপ্লোমা ডিগ্রী বা অনুরূপ অন্য কোন প্রকার সনদ দেয়া হবে না এবং আইএসও মোতাবেক গঠিত কর্তৃপক্ষের অধীনে নৌ-পরিবহন অধিদপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ নৌ-যানে গ্রীজার/ড্রাইভার ও সুকানী/মাষ্টার পদে নিয়োগের জন্য বাংলাদেশ সরকার কর্তৃক পরিচালিত পরীক্ষায় অংশগ্রহণই আমার এ প্রশিক্ষণের উদ্দেশ্য।

৬। আমি একটি অভ্যন্তরীণ নৌ-যানে নাবিকের পদে চাকুরী করতে বাধ্য থাকব তবে কেন্দ্র চাকুরীর কোন দায় দায়িত্ব গ্রহণ করবে না এবং ডেক/ইঞ্জিন বিভাগের অন্যান্য নাবিক যে সকল সুযোগ সুবিধা ভোগ করে থাকেন তা ব্যাতিরেকে অন্য কোন সুযোগ বা বিশেষ সুবিধা পাবো না।

৭। কেন্দ্র অবস্থানকালে কোনরূপ মিথ্যার আশ্রয়, চুরি বা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করব না যদি করি তাহলে কেন্দ্র হতে বহিষ্কার হব।

৮। নাবিকের পদে চাকুরীকালে (অথবা পদোন্নতি প্রাপ্ত পদে) আমি জাহাজের অন্যান্য ক্রুর সাথে ডেক/ইঞ্জিন কাজ করা ছাড়াও জাহাজের মাষ্টার/ড্রাইভারের নির্দেশ মোতাবেক রাতে ও দিনে যে কোন কাজ করতে বাধ্য থাকব।

৯। কেন্দ্রটি একটি আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র সুতরাং হোস্টেলে কোন প্রকার আত্মীয়/বন্ধু বান্ধবের আগমন বা রাত্রিযাপন করা থেকে সম্পূর্নরূপে বিরত থাকব।

১০। আমি বিনা অনুমতিতে কেন্দ্র ত্যাগ করব না, করলে কেন্দ্র কর্তৃক আমার বিপরীতে খরচকৃত সমুদয় অর্থ প্রদান পূর্বক বহিষ্কার হতে বাধ্য থাকব।

১১। কেন্দ্রে অবস্থানকালীন সময়ে আমি ধূমপান বা যেকোন প্রকারের মাদক সেবন থেকে বিরত থাকব এবং যদি ধূমপান বা মাদক সেবনে ধৃত হই তবে কেন্দ্র কর্তৃক আমার বিপরীতে খরচকৃত সমুদয় অর্থ প্রদান পূর্বক কেন্দ্র ত্যাগ করতে বাধ্য থাকব।

১২। কেন্দ্রে অবস্থানকালীন সময়ে আমি যেকোন প্রকারের মোবাইল, ইয়ারফোন, সীমকার্ড ব্যবহার থেকে বিরত থাকব এবং যদি মোবাইল, ইয়ারফোন, সীম কার্ড ব্যবহারের সময় ধৃত হই বা আমার কাছে কোন রকম মোবাইল, ইয়ারফোন, সীম কার্ড পাওয়া যায় তবে কেন্দ্র কর্তৃক আমার বিপরীতে খরচকৃত সমুদয় অর্থ প্রদান পূর্বক কেন্দ্র ত্যাগ করতে বাধ্য থাকব।

আমি উপরোক্ত শর্তসমূহ মেনে নিষ্ঠার সাথে কর্তব্য পালনের পাশাপাশি নৌ বিদ্যায় পড়াশুনা চালিয়ে যাওয়ার অঙ্গীকার করছি।

| প্রার্থীর স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর | স্বাক্ষীর স্বাক্ষর |
|---|---|---|
| নামঃ | নামঃ | নামঃ |
| ঠিকানাঃ | ঠিকানাঃ | ঠিকানাঃ |
| মোবাইল নং- | মোবাইল নং- | মোবাইল নং- |

চলমান পাতা-০৩

## অঙ্গীকার নামা (অভিবাবক)

আমি..............................................................পিতা...................................................... এই মর্মে অঙ্গীকার করছি যে, আমার পোষ্য.................................................... যিনি ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র, সোনাকান্দা, নারায়ণগঞ্জের ....................................তারিখের পত্র মোতাবেক এক বৎসর মেয়াদী কোর্সে শিক্ষাণবিস হিসাবে নির্বাচিত হয়েছেন। আমার পোষ্য কোর্স চলাকালে নিম্নলিখিত শর্তাবলি মেনে চলতে বাধ্য থাকবেঃ-

ক) কোর্স চলাকালীন সময় প্রশিক্ষণ কেন্দ্রের নিয়মকানুন মেনে চলতে বাধ্য থাকবে।

খ) আমার পোষ্য প্রশিক্ষণকালে অন্য কোন বিদ্যালয়ে বা কলেজে অধ্যয়ণ করবে না। প্রশিক্ষণ কেন্দ্রের বাহিরে কোন পরীক্ষায় অংশ গ্রহন করবে না ।

গ) যদি আমার পোষ্য কোর্স সমাপ্তির পূর্বে নিজ ইচ্ছায় চলে যায় এবং শৃঙ্খলা জনিত কারণে চলে যেতে বাধ্য হয় তাহলে কর্তৃপক্ষ এ যাবৎ তার প্রশিক্ষণ বাবদ যে অর্থ ব্যয়কৃত বলিয়া ধার্য্য করবে তা সমুদয় পরিশোধ করতে অভিবাবক হিসেবে আমি বাধ্য থাকব। যদি আমার পোষ্য কর্তৃপক্ষের প্রধান চিকিৎসক বা সিভিল সার্জন কর্তৃক অসুস্থতার দরূন প্রশিক্ষণ গ্রহণ করার জন্য অযোগ্য ঘোষিত হয় সেই ক্ষেত্রে এই নিয়ম কানুন প্রজোয্য হবে না।

ঘ) আমি যদি প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক ধার্য্যকৃত অর্থ যথাসময়ে পরিশোধ করতে ব্যর্থ হই তাহলে প্রচলিত আইনে অভিযুক্ত ও দন্ডনীয় হবো।

ঙ) কেন্দ্রটি একটি আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র সুতরাং হোস্টেলে কোন প্রকার আত্মীয়/বন্ধু বান্ধবের আগমণ বা রাত্রিযাপন সম্পূর্নরূপে নিষিদ্ধ। আমার পোষ্য বিনা অনুমতিতে কেন্দ্র ত্যাগ করবে না, করলে কেন্দ্র কর্তৃপক্ষ তাকে বহিষ্কার করবে এবং কেন্দ্র কর্তৃক তার বিপরীতে খরচকৃত সমুদয় অর্থ ফেরত প্রদান করতে আমি বাধ্য থাকবো।

চ) কেন্দ্রে অবস্থান কালে আমার পোষ্য কোনরূপ মিথ্যা কথা, চুরি বা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করবে না, যদি করে তাহলে কেন্দ্র হতে বহিস্কৃত হবে।

ছ) কেন্দ্রে অবস্থানকালীন সময়ে আমার পোষ্য ধূমপান বা সকল প্রকারের মাদক সেবন থেকে বিরত থাকবে এবং যদি ধূমপান বা মাদক সেবন ধৃত হয় তবে কেন্দ্র কর্তৃক তার বিপরীতে খরচকৃত অর্থ ফেরত প্রদান পূর্বক কেন্দ্র ত্যাগ করতে বাধ্য থাকবে।

জ) কেন্দ্রে অবস্থানকালীন সময়ে আমার পোষ্য যেকোন প্রকারের **মোবাইল, ইয়ারফোন, সীম কার্ড ব্যবহার থেকে বিরত থাকবে** এবং যদি **মোবাইল**, ইয়ারফোন, সীম কার্ড ব্যবহারের সময় ধৃত হয় বা তার কাছে কোন রকম **মোবাইল**, ইয়ারফোন, সীম কার্ড পাওয়া যায় তবে অত্র কেন্দ্র কর্তৃক তার বিপরীতে খরচকৃত অর্থ ফেরত প্রদান পূর্বক কেন্দ্র ত্যাগ করতে বাধ্য থাকবে।

ঝ) আমার পোষ্য কেন্দ্র কর্তৃক নির্ধারিত ছুটি ব্যতীরেকে কোন প্রকার ছুটিতে গমণ করবে না, জরুরী অবস্থায়, প্রয়োজনে আমি স্ব-শরীরে হাজির হয়ে ছুটির আবেদন করব।

______________
মেরিন শিক্ষাণবিস

| স্বাক্ষী | বৈধ অভিবাবক |
|---|---|
| ১।নামঃ<br><br>ঠিকানাঃ-গ্রা:- পোঃ<br>থাঃ জেলাঃ<br>মোবাইল নং- তারিখঃ / /২০১৯ইং<br>২। নামঃ<br><br>ঠিকানাঃ-গ্রা:- পোঃ<br>থাঃ জেলাঃ<br>মোবাইল নং- তারিখঃ / /২০১৯ইং | নামঃ<br><br>ঠিকানাঃ-গ্রা:- পোঃ<br>থাঃ জেলাঃ<br><br>মোবাইল নং-<br><br>তারিখঃ |